

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩২৭

আগরতলা, ৩১ মে, ২০২৪

প্রকাশিত সংবাদের প্রতিবাদ ও প্রকৃত তথ্য

গত ৩০ মে, ২০২৪ স্থানীয় 'আজকের ফরিয়াদ' পত্রিকায় 'মুখ্যমন্ত্রী হেল্পলাইন থেকে সহায়তা পাচ্ছে না মানুষ। বদনামের ভাগীদার হচ্ছেন মুখ্যমন্ত্রী ডাঃ মানিক' শীর্ষক সংবাদটি মুখ্যমন্ত্রী সচিবালয়ের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। সাথে সাথে বিষয়টি তদন্ত করা হয়। তদন্তের ভিত্তিতে জানা গেছে প্রকাশিত সংবাদটি সঠিক নয় এবং বিভ্রান্তিকর।

'মুখ্যমন্ত্রী হেল্পলাইন থেকে সহায়তা পাচ্ছে না' বলে উক্ত সংবাদে যা উল্লেখ করা হয়েছে সেটি সম্পূর্ণ ভিত্তিহীন। উক্ত সংবাদে সাতচাঁদ ব্লকের জনৈক নাগরিক তাঁর পাড়ার রাস্তা ভেঙে যাওয়ার সমস্যা সম্পর্কে সিএম হেল্পলাইনে যে অভিযোগ জানিয়েছেন, এর প্রেক্ষিতে সাতচাঁদ ব্লকের তরফ থেকে সরেজমিনে পর্যবেক্ষণ ও তদন্ত করা হয়েছে অনেক দিন আগেই। প্রকৃত বিষয়টি হল, জনৈক অভিযোগকারীর বাড়ির সামনের রাস্তাটি প্রায় বছর দেড়েক আগে সাতচাঁদ ব্লকের পক্ষ থেকে ইট-সলিং করা হয় এবং বর্তমানে এটি চলাচলের অযোগ্য তথ্যটি সম্পূর্ণ অসত্য। রাস্তাটি অপ্রশস্ত ও ঢালু হওয়ার কারণে কোন সাইড ড্রেইন করা সম্ভব হয়নি। তথাপি উক্ত অভিযোগকারীর বাড়ি সংশ্লিষ্ট রাস্তা থেকে অনেক নীচু হওয়ায় ও তাঁর বাড়ির সীমানায় কোন দেওয়াল না থাকার কারণে স্বাভাবিকভাবেই বৃষ্টির জল সংশ্লিষ্ট নিষ্কাশন এলাকার দিকে ধাবিত হয় ও রাস্তার এক প্রান্তের সামান্য ক্ষতি সাধন করে। উক্ত বিষয়ে অভিযোগকারীর অভিযোগের ভিত্তিতে সাতচাঁদ ব্লকের ২০২৪-২৫ অর্থবছরের অ্যাকশন প্ল্যানে এই সমস্যা নিরসনের জন্য অভিযোগকারীর বাড়ির পাশে একটি সাইড ওয়াল / রিটেইনিং ওয়াল তৈরির প্রস্তাব অন্তর্ভুক্ত করা হয়েছে এবং যথা সময়ে উক্ত প্রকল্প বাস্তবায়িত করা হবে। তাই উক্ত সংবাদে যেভাবে বিষয়টিকে উপস্থাপন করা হয়েছে তা বাস্তবিক ক্ষেত্রের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।

\*\*\*\*\*